



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৯০০.০১৭.২৭.০০১.১৭- ১৩ ১০

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৭
০৬ ডিসেম্বর, ২০২০

প্রজ্ঞাপন

যেহেতু, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ০৩ নং নলকুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব আইয়ুব আলী ফর্সা, ০৭ নং ওয়ার্ডের সদস্য জনাব খাইরুল এনাম চাঁন ও ০৭, ০৮ ও ০৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব রহিমা বেওয়া এর বিরুদ্ধে পরস্পর যোগসাজসে ভিজিডি'র ১২৪ টি কার্ডের বিপরীতে উত্তোলিত চাল দীর্ঘ ১৮ মাস যাবৎ আত্মসাত, প্রকৃত কার্ডধারীদের মধ্যে ভিজিডি'র কার্ড বিতরণ না করে টাকার বিনিময়ে স্বচ্ছল ব্যক্তিদের ভিজিডি কার্ড প্রদান এবং অনৈতিকভাবে জি আর চাল বিতরণের কপিকে ভিজিডি কার্ড গ্রহণের রিসিভ কপি বলে ব্যবহারের অপচেষ্টার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, শেরপুর এর প্রস্তাব মোতাবেক জনস্বার্থে স্থানীয় সরকার বিভাগের ৩১/০৮/২০২০ তারিখে ৮৬৭, ৮৬৮ ও ৮৬৯নং স্মারকে তাঁদেরকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাঁদেরকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা সে মর্মে কারণ দর্শানো হয় এবং জবাব পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ০৩ নং নলকুড়া ইউনিয়ন পরিষদের সাময়িক বরখাস্তকৃত চেয়ারম্যান জনাব আইয়ুব আলী ফর্সা, ০৭ নং ওয়ার্ডের সদস্য জনাব খাইরুল এনাম চাঁন ও ০৭, ০৮ ও ০৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব রহিমা বেওয়া কর্তৃক প্রদত্ত কারণ দর্শানোর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, শেরপুর জনস্বার্থে বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদ্বয়ের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারা মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ০৩ নং নলকুড়া ইউনিয়ন পরিষদের সাময়িক বরখাস্তকৃত চেয়ারম্যান জনাব আইয়ুব আলী ফর্সা, ০৭ নং ওয়ার্ডের সদস্য জনাব খাইরুল এনাম চাঁন ও ০৭, ০৮ ও ০৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য জনাব রহিমা বেওয়া-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (ঘ) ধারার অপরাধে তাঁদের স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email:lgup@lgd.gov.bd

তারিখ: ২১ অগ্রহায়ণ, ১৪২৭
০৬ ডিসেম্বর, ২০২০

সদয় স্মারক নং-৪৬.০০.৮৯০০.০১৭.২৭.০০১.১৭- ১৩ ১০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। জেলা প্রশাসক, শেরপুর।

০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতী, শেরপুর।

০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৭। জনাব আইয়ুব আলী ফর্সা, ইউপি চেয়ারম্যান, (অপসারণকৃত), ০৩নং নলকুড়া ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

০৮। জনাব খাইরুল এনাম চাঁন, ইউপি সদস্য, ০৭নং ওয়ার্ড, (অপসারণকৃত), ০৩নং নলকুড়া ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

০৯। জনাব রহিমা বেওয়া, ০৭, ০৮ ও ০৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা আসনের সদস্য, (অপসারণকৃত), ০৩নং নলকুড়া ইউনিয়ন পরিষদ, ঝিনাইগাতী, শেরপুর।

(মোহাম্মদ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব